গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা

www.munshiganj.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | কাজী নাহিদ রসুল<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি: |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | জুম অনলাইন প্লাটফর্ম (আইডি ৬০২২৩৮৩৭৬৮) |
| উপস্থিতি | ... |

সভাপতি জুম অনলাইন প্লাটফর্মে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সেটি অনুমোদিত হয়। সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **ব্র্যাকঃ** ব্র্যাক, জেলা সমন্বয়কারী, মুন্সীগঞ্জ জানান, মুন্সীগঞ্জ জেলার ৬টি উপজেলার ৬৭ টি ইউনিয়নে ব্র্যাক এর চলমান কর্মসূচীর স্কীলস ডেভেলপমেন্ট কর্মসূচীর মাধ্যমে চারটি ট্রেডে ১১৬ জনকে ট্রেনিং করানো হয়েছে। বর্তমানে ৫৫ জনের একটি ট্রেনিং চলমান রয়েছে। টিবি কর্মসূচীর আওতায় জানুয়ারি ২০২২ মাসে কফ পরীক্ষা করা হয় ২৮৭৬ জন, যক্ষা রোগী সনাক্ত করা হয় ৩৭৫ জন, যক্ষা রোগী পজিটিভ হয়েছে ২৩১ জন, যক্ষা রোগী নিরাময় হয়েছে ২৬৮জন, যক্ষা সনাক্তকরণে আর্থিক সহায়তা দেয়া হয়েছে ৬৮জনকে ২৩৭৭০ টাকা। এছাড়াও ২৫৫৫ জন স্বাস্থ্য সেবিকা ৯২৭৭০ টি হাউস হোল্ড ভিজিট করে ৪৯৫৫ জন গর্ভবতীকে বিভিন্ন ধরণের সেবা প্রদান করা হয়েছে। এরমধ্যে ৩২২ জন মহিলা পিএনসি সেবা এবং ৪৮৩ জন মহিলাকে এএনসি সেবা দেওয়া হয়েছে। স্বাস্থ্য ফোরাম সংক্রান্ত ১৮৮৫টি উঠান বৈঠক করা হয়। জানুয়ারি ২০২২ মাসে নিরাপদ অভিবাসন কর্মসূচির মাধ্যমে ০৫ জন বিদেশ ফেরত অভিবাসীকে ৩,৭০,০০০/- টাকা (অফেরত যোগ্য) দিয়ে সেবা প্রদান করা হয়। এছাড়া ৫০ জন বিদেশ ফেরত অভিবাসীকে সোসিও ইকোনো ডেভেলোপমেন্ট ট্রেনিং করানো হয়। মাইক্রোফাইন্যান্স কর্মসূচির মাধ্যমে ৬১১৫ জন ক্ষুদ্র ব্যবসায়ীকে ৪৫,৩৩,৩৩,০০০/- টাকা, বর্গা চাষী উন্নয়নে ৪১৫ জনকে ৪৭৬০০০০/- টাকা ও ২০১৮ জন ব্যবসায়ীকে ব্যবসা সংক্রান্ত (প্রগতি) এর মাধ্যমে ৮০,৯৮,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ভিশন বাংলা প্রজেক্ট এর মাধ্যমে জানুয়ারি ২০২২ মাসে ৩৬০ জনকে চোখ পরীক্ষা করে চিকিৎসা সেবা, ২৬ জনকে ছানি অপারেশন করা হয়। এছাড়াও এ সংস্থাটি দুঃস্থ জনগণের মাঝে মাস্ক বিতরণ করেন। সারা বিশ্বে করোনা ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় জনগণের মাঝে মাস্ক বিতরণের কার্যক্রমকে সভাপতি সাধুবাদ জানান। এ সকল কার্যক্রমে এনজিও বিষয়ক জেলা কমিটির সদস্য হিসেবে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করার জন্য সভাপতি অনুরোধ জানান। | এনজিও বিষয়ক সকল কার্যক্রমে জেলা কমিটির সদস্য হিসেবে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করতে হবে। | ব্র্যাক, জেলা সমন্বয়কারী, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০২. | **<u>আশাঃ</u>** সিনিয়র জেলা ব্যবস্থাপক, আশা, মুন্সীগঞ্জ জানান, জানুয়ারি ২০২২ মাসে এ সংস্থাটি ৭৪ জন সদস্যকে ২১,২৩,৩৮৪/-টাকা ঋণ বীমার দাবী পরিশোধ করা হয়েছে। ১২ জন সদস্যকে ৮,০১০/- টাকা নিরাপত্তার দাবী পরিশোধ করা হয়েছে। ৩ জন সদস্যকে ৮,০০০/-, ১০ জন সদস্যের মৃত্যুর পর ৫০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে। ৫৩৯২ জনকে ৩৭,৫৮,৪৪০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ৫৩০৯২ জনের মধ্যে ২৪,৯০,৫০,৯৮৯/-টাকা ঋণ স্থিতি রয়েছে। ১০৩৭০ জনের মধ্যে ২১,৯১,০৬,১৭৭/-টাকা ঋণ খেলাপী রয়েছে। ২৪৮৮ জনের মধ্যে ৪,৬২,৪১,২৪৮/-টাকা কু-ঋণ স্থিতি রয়েছে। ৬২৬৭৬ জনের মধ্যে ৫১,৬০,০৯,০৭৩/-টাকা সঞ্চয় ও নিরাপত্তা স্থিতি রয়েছে। ৪১,৩০১ জনের মধ্যে ৪৭,৫৬,৩১,৪৬৮/-টাকা ঋণ নিরাপত্তা তহবিল স্থিতি রয়েছে। ক্ষুদ্র মহিলা, ক্ষুদ্র ব্যবসা, সেল (বিশেষ), এগ্রিবিজনেস, এসএমই লোন (বড় ঋণ), দুগ্ধবতী খামার ঋণ প্রকল্প, স্যানিটেশন ব্যবহারকারী, পাওয়ার টিলার ঋণ, মাশরুম চাষ, হতদরিদ্র ও শিক্ষা ইত্যাদি হচ্ছে ঋণের ধরন। কোন সদস্য ১০ বছর অতিবাহিত হলে অবসর ভাতা হিসেবে ১৫,০০০/- টাকা প্রদান করা হয়। কোন সদস্য অভিভাবক স্থায়ীভাবে পঙ্গু হয়ে গেলে তার ঋণ মওকুফ করা হয়। এছাড়াও শিক্ষা কার্যক্রম, স্বাস্থ্য সচেতনতামূলক কার্যক্রম, ফিজিওথেরাপি ও রেমিটেন্স প্রদান কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া এ সংস্থাটি করোনা ভাইরাসের টিকা প্রদানে সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করে প্রাথমিক সেবা দিয়ে থাকে। **করোনা ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি** পাওয়ায় জনগণকে এ বিষয়ে সচেতনতামূলক পরামর্শ প্রদান করার জন্য এবং উপকারভোগীদের অনুকূলে সুষ্ঠুভাবে ঋণ বিতরণের জন্য সভাপতি অনুরোধ করেন। | **করোনা ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি** পাওয়ায় জনগণকে এ বিষয়ে সচেতনতামূলক পরামর্শ প্রদান করার জন্য এবং উপকারভোগীদের অনুকূলে সুষ্ঠুভাবে ঋণ বিতরণ কার্যক্রম গ্রহণ করতে হবে। | সিনিয়র জেলা ব্যবস্থাপক, আশা, মুন্সীগঞ্জ |
| ০৩. | <u>সচেতন নাগরিক কমিটি (সনাক-টিআইবি) </u>: এরিয়া কো-অর্ডিনেটর, টিআইবি, মুন্সীগঞ্জ এ সংস্থা জানুয়ারি ২০২২ মাসে বিল্ডিং ইনটেগ্রিটি ব্লকস ফর ইফেক্টিভ চেঞ্জ-II প্রকল্পের আওতায় ২,১৫,৮২৫/- টাকা কর্মসূচী ব্যয়ে সনাক সভা, ইয়েস সভা, বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলায় ০৪টি ভ্রাম্যমাণ তথ্য ও পরামর্শ কেন্দ্র পরিচালনা, শীতার্তদের মাঝে সনাক মুন্সিগঞ্জের নিজস্ব অর্থায়নে ৭০টি পরিবারে শীতবস্ত্র বিতরণ করেছে। মাঠ পর্যায়ে সরকারের সাথে সমন্বয় করে সকল কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি অনুরোধ জানান। | প্রোগ্রামগুলোর সাথে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে সম্পৃক্ত করতে হবে। | এরিয়া কো-অর্ডিনেটর, টিআইবি, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | <u>কারিতাস ঢাকা অঞ্চল</u> : এরিয়া ম্যানেজার, কারিতাস, বাংলাদেশ, মুন্সীগঞ্জ জানান, এ সংস্থাটি সুরমা মোবাইল টেকনিক্যাল ট্রেনিং সেন্টার ওও শীতলক্ষা মোবাইল টেকনিক্যাল ট্রেনিং সেন্টার ২টি স্কুল ঝরেপড়া ছাত্র-ছাত্রীদের কারিগরি প্রশিক্ষণ প্রদান করেন। প্রশিক্ষণ শেষে ফলাফলের উপর ভিত্তি করে যারা চাকুরী করতে ইচ্ছুক তাদেরকে চাকুরীর ব্যবস্থা গ্রহণ করা হয়। জানুয়ারি ২০২২ মাসে গণসচেতনতা মূলক উঠান বৈঠক করা হয় ২৩ টি। স্থানীয় জনগণের কোভিড-১৯ ভ্যাকসিন নেয়ার জন্য ফ্রি-রেজিস্ট্রেশন করা দেয়া হয়েছে ৭৯ জনকে। অনলাইনে পাসপোর্ট ফরম ফিরাপ করা হয় ৩ জনকে। চাকুরির জন্য তথ্য প্রদান করা হয় ১৫ জনকে। এ সংস্থাটি সিরাজদিখান, লৌহজং ও শ্রীনগর উপজেলায় কারিতাস মাইক্রো ফাইনান্স কর্মসূচীর আওতায় ১১২৩ জনকে ৫,০৪,৮৬,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের পরিমান ৪,৩৬,২৩,৭৭১/- টাকা। ১১০৫০ জনের নিকট ঋণ স্থিতি ২৭,৪৫,৫৩,৫০০/- টাকা। ঋণ আদায়ের হার ৯৩%। সভাপতি তাঁর বক্তব্যে বলেন, এনজিও হচ্ছে জনগণের ভরসার স্থান। জনগণ যাতে কোন অভিযোগ করতে না পারে সে বিষয়ে এনজিও প্রতিনিধিদের দৃষ্টি আর্কষণ করেন এবং সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা পর্যায়ে জনশক্তি ব্যুরোর সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। | সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা পর্যায়ে জনশক্তি ব্যুরোর সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | এরিয়া ম্যানেজার কারিতাস, বাংলাদেশ, মুন্সীগঞ্জ |
| ০৫. | **<u>ব্যুরো বাংলাদেশঃ</u>** এলাকা ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ মুন্সীগঞ্জ জানান, ব্যুরো বাংলাদেশ মুন্সীগঞ্জে মোট ২৩টি শাখা কার্যালয়ের মাধ্যমে কর্মসূচী বাস্তবায়ন করছে। জানুয়ারি মাসে মোট সদস্য সংখ্যা ৪৮,৮৮২ জন। ৪৬১ জন গ্রাহককে মোট ২,২০,৯৪,৫৭৯/- টাকা রেমিটেন্স সেবা প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ ও ঋণ বিতরণ ২৬৩ জন গ্রাহককে মোট ৮৭,৩৫,০০০/- টাকা প্রদান করা হয়েছে। গজারিয়া উপজেলার পুরান বাউশিয়া গ্রামে সোস্যাল ডেভেলপমেন্ট এবং বিশ্ব ব্যাংক এর সহায়তায় প্রায় ৫০৭টি পরিবারের মাঝে স্বল্প মূল্যে আর্সেনিকমুক্ত বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। চলতি মাসে সদস্যদের জমাকৃত সঞ্চয়ের পরিমান ৬,৫৫,১৫,০৯০/- টাকা। উত্তোলনকৃত সঞ্চয়ের পরিমান ৪,৮৬,৭৯,৭৮৯/- এবং সঞ্চয় স্থিতির পরিমাণ ৯৩,৭৫,২০,৭০২/- টাকা। ৩০৮২ জন গ্রাহককে ঋণ বিতরণ করা হয়েছে মোট ৩৮,৪২,০৪,০০০/- টাকা এবং ঋণ স্থিতির পরিমাণ ২,১০,৩২,৯৯,০৪১/- টাকা। ৫৮০ জন গ্রাহককে ৪,০৮,০০,০০০/- টাকা প্রনোদনা ঋণ বিতরণ করা হয়েছে। মোবাইল ব্যাকিং ব্যবহারের মাধ্যমে ৭৮৩২ জন গ্রহককে সঞ্চয় ও ঋণের কিস্তি প্রদান করা হয়েছে। আর্থিক নিরাপত্তা তহবিলের মাধ্যমে চলতি মাসে ২৪ জনকে মোট ১,২০,০০০/-টাকা এবং মৃত সদস্য/ অভিভাবকের মৃত্যুজনিত কারণে আর্থিক নিরাপত্ত তহবিল দ্বারা ১৮ জনের মধ্যে ৮,২৯,৩১০/- টাকা ঋণ সমন্বয় করা হয়েছে। করোনা প্রতিরোধ সংক্রান্ত ভ্যাকসিন গ্রহনের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণসহ বিনামূলে ৯১৯ জন সদস্যদেরকে ভ্যাকসিন রেজিস্ট্রেশন করা হয়েছে এবং এই প্রক্রিয়া অব্যাহত রয়েছে। সভাপতি সারা দেশব্যাপী করোনা ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্তের কারণে করোনা প্রতিরোধ সংক্রান্ত ভ্যাকসিন গ্রহনের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণসহ ভ্যাকসিন রেজিস্ট্রেশন কাযক্রমকে ধন্যবাদ জানান। এ বিষয়ে জনগণকে আরো সচেতনতামূলক পরামর্শ প্রদান এবং এ সকল কার্যক্রম গ্রহণে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সাথে সমন্বয় করার জন্য অনুরোধ জানান। | করোনা ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্ত রোগীদের সচেতনতামূলক পরামর্শ প্রদান এবং এ সকল কার্যক্রম গ্রহণে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সাথে সমন্বয় করতে হবে। | এলাকা ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | <u>লেপ্রসিমিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশঃ</u>টেকনিক্যাল সাপোর্ট অফিসার, আই. এল. এস. এইচ. টি. এল. এম. আইবি, মুন্সীগঞ্জ কার্যপত্র হতে জানা যায়, এ সংস্থাটি জানুয়ারি ২০২২ মাসে ১টি সেশনে ১ জন রোগিকে এমডিটি সম্পূর্ণ করার জন্য কাউন্সেলিং করানো হয়। ০৩ জন রোগীকে ০৩ টি সেশনের মাধ্যমে জটিলতা ব্যবস্থাপনা করা হয়েছে। ০৬ জন রোগীকে ০৬টি সেশনে সহায়ক উপকরণ প্রদান করা হয়েছে। ০২ জন বিকলাঙ্গ রোগীকে সরকারী সাহায্য কেন্দ্রে পাঠানো হয়। ০১ জন রোগী ও সাধারন জনগন ০১ জনকে ০২টি সেশনের মাধ্যমে তাদের পরিবারের চারিপাশে জরিপ করা হয়েছে। ২৬ জন সরকারী কর্মচারী নিয়ে ২টি সেশনে উঠান বৈঠক করা হয়। নতুন রোগী হিসেবে ০১ জনকে ০১টি সেশনের মাধ্যমে শনাক্ত করা হয়েছে। ২টি সেশনে ১২৬ জন শিক্ষক/ছাত্র/ছাত্রীকে স্কুল ক্যাম্পেইন করানো হয়। বর্তমানে চলমান মোট রোগীর সংখ্যা ও ঔষধ প্রাপ্তির সংখ্যা ১৯ জন। কার্যপত্র পাওয়া গেলেও এ সংস্থার কাউকে সভায় সংযুক্ত পাওয়া যায়নি। এতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, কার্যপত্র দাখিলের সাথে সাথে সভায় নিয়মিত সংযুক্ত থাকতে হবে। অনুমতি ব্যতিরেকে সভা ত্যাগ না করার জন্য অনুরোধ জানান। | ১। স্বাস্থ্য সংক্রান্ত সকল কার্যক্রমে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে।<br><br>২। কার্যপত্র দাখিলের সাথে সাথে সভায় নিয়মিত সংযুক্ত থাকতে হবে। অনুমতি ব্যতিরেকে সভা ত্যাগ করা যাবে না। | টেকনিক্যাল সাপোর্ট অফিসার, আই. এল. এস. এইচ. টি. এল. এম. আইবি, মুন্সীগঞ্জ |
| ০৭. | <u>**সাজেদা ফাউন্ডেশনঃ**</u> আঞ্চলিক ব্যবস্থাপক, **সাজেদা ফাউন্ডেশন মুন্সীগঞ্জ জানান,** সাজেদা ফাউন্ডেশন এ জেলার ০৬টি উপজেলায় বিভিন্ন সামাজিক সেবা ও ঋণ কার্যক্রম সম্পাদন করেন। জানুয়ারি ২০২২ মাসে প্রান্তিক কৃষক ও হতদরিদ্রের মাঝে স্বল্প সুদে ৫,৭৬,৮০,০০০/- টাকার বুনিয়াদী ও কৃষি ঋণ বিতরণ, ওয়াটার স্যানিটেশন প্রোগ্রাম এর সুবিধাভোগী ১৭৮ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান, ১২০জন খামারিকে গবাদি পশু পালন ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং প্রায় ৬০০টি গবাদি পশু ও হাস মুরগীর ফ্রি টিকা প্রদান করা হয়। লয়্যাল কাস্টমার সদস্যদের লাভের উপর ৩% থেকে ৫% পর্যন্ত নগদ অর্থ বাবদ ২,৪১,৭৬৫/- টাকা প্রদান, মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর মাধ্যমে ১২২৫ জন সদস্যের মাঝে বিভিন্ন খাতে ১২,৯৭,৭১,০০০/- টাকা ঋণ বিতরণ করা ও তাদের উন্নয়ন মূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং সদস্যদের প্রয়োজন অনুযায়ী তাদের গচ্ছিত সঞ্চয় হতে ১৩৮৬ জনকে ৩,৭৮,৫৮,০০০/- টাকা ফেরত প্রদান করা হয়। সদস্যদের মধ্যে কেউ যদি অসুস্থতাজনিত বা আকস্মিকভাবে মৃত্যুবরণ করে সংস্থা কর্তৃক এককালীন ২০,০০০/- টাকা নগদ সহায়তা প্রদান, ঋণ মওকুফ করা এবং তার গচ্ছিত সঞ্চয় প্রদান করা হয়। কোভিড-১৯ এ সংস্থার কোন গ্রাহক আক্রান্ত হয়ে মারা গেলে তার পরিবারকে নগদ ২,০০,০০০/- টাকা সহায়তা প্রদান করা হয়। এছাড়াও এ সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি স্বাস্থ্য সংক্রান্ত সকল কার্যক্রমে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে সম্পৃক্ত করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পর্যায়ে আয়োজিত সকল কার্যক্রমে উপজেরা নির্বাহী অফিসার/তাঁর প্রতিনিধিকে সম্পৃক্ত করতে হবে। | আঞ্চলিক ব্যবস্থাপক, সাজেদা ফাউন্ডেশন মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | <u>উদ্দীপনঃ</u> আঞ্চলিক ব্যবস্থাপক, উদ্দীপন মুন্সীগঞ্জ জানান, এ সংস্থাটি ০৬টি উপজেলায় ০৭টি শাখার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর আয় বর্ধনমূলক ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সঞ্চয় ও ঋণ দান কর্মসূচী চলমান রয়েছে। এ মাসে মোট সংগঠন-১টি, গ্রাহক সংখ্যা-২১৫ জন, সঞ্চয় আদায় ৪১,৪৭,৯২১/- সঞ্চয় ফেরত-৩০,৯০,৯৬৬/-টাকা, সঞ্চয় স্থিতি-১০,৫৬,৯৫৫/- টাকা। ঋণ বিতরণের সংখ্যা-৩৫২ জন, পরিশোধ ঋণী সংখ্যা ২১২ জন। মোট ঋনী সংখ্যা ১৪০ জন। ঋণ বিতরণের টাকা ২৫,২০,৬,০০০/- টাকা, ঋণ আদায় ১৫,১২,৩,৬০০/-টাকা, ঋণ স্থিতি-১০,০৮,২,৪০০/-টাকা এবং আদায়ের হার ৯৭.১২% । চলতি মাসে সিজারের মাধ্যমে সন্তান প্রসব, পিত্তথলিতে পাথর অপারেশন, অ্যাপেন্ডিসাইটস, জরায়ু অপারেশন এবং স্তন ক্যান্সার/টিউমার অপারেশনের জন্য ০৫ জনকে ২৫,০০০/-টাকা এবং ০৩ জন মৃত ব্যক্তির অনুকূলে ১৫,০০০/-অনুদান প্রদান করা হয়েছে। চলতি মাসে মৃত ব্যক্তি ঋণ মওকুফ করা হয়েছে=১,০৪,৬৪০/- এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয়েছে=৬৪,১৩০/-টাকা। এছাড়া গ্রাহকদের মাঝে দলীয় সভার মাধ্যমে সচেতনতামূলক আলোচনা করা হয়। ওয়াটার ক্রেডিট কর্মসূচীর মাধ্যমে এ মাসে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন প্রদান করা হয়-১১৫টি, নলকূপ স্থাপন করা হয়-০১টি। এ মাসে ২৮০ জনকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। এছাড়াও মাস্ক ও কম্বল বিতরণ করা হয়। সভাপতি এ ধরণের সামাজিক কর্মকান্ডকে ধন্যবাদ জানান। স্বাস্থ্যসেবা কাজকর্মের বিষয়ে স্বাস্থ্য বিয়ষক কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান। | স্বাস্থ্যসেবা কাজকর্মের বিষয়ে স্বাস্থ্য বিয়ষক কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | আঞ্চলিক ব্যবস্থাপক, উদ্দীপন মুন্সীগঞ্জ |
| **০৯.** | <u>ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপন্টে:</u> এরিয়া ম্যানেজার, পিএফইডি, মুন্সীগঞ্জ এর কার্যপত্র হতে জানা যায়, ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপন্টে জানুয়ারি ২০২২ মাসে ৫০০ জনের অনুকূলে ৩,০০,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। সঞ্চয় আদায় হয়=৭০,০০,০০০/- টাকা, সঞ্চয় স্থিতি=৯,০০,০০,০০০/- টাকা, ঋণ স্থিতি= ১৮,০০,০০,০০০/- টাকা এবং ঋণ আদায়ের হার ১০০%। সভাপতি ধন্যবাদ জানিয়ে এনজিও বিষয়ক সকল কার্যক্রম গ্রহণের পূর্বে মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। | এনজিও বিষয়ক সকল কার্যক্রম গ্রহণের পূর্বে মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | এরিয়া ম্যানেজার, পিএফইডি, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১০. | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্রঃ ব্রাঞ্চ ম্যানেজার, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, মুন্সীগঞ্জ সভায় জানান, মুন্সীগঞ্জ জেলার ০৫টি উপজেলায় ০৫টি ব্রাঞ্চে এ সংস্থার কার্যক্রম পরিচালিত হচ্ছে। ডিসেম্বর, ২০২১ মাসের মোট সদস্য সংখ্যা ৭০৯২ জন, ঋণস্থিতি ৪১,২৬,১৮,৪৪০/-টাকা, সঞ্চয় স্থিতি ১১,২৯,২০,১১৭/- টাকা। আদায়ের হার ৯৪.৬১%। মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর আওতায় এ পর্যন্ত ৭০৭৬ জনকে ৬৩,৪৭,৪১,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক কার্যক্রমের আওতায় স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করার জন্য ঋণ প্রদান করা হয়েছে। এ মাসে ২৪ জনকে ১৪,৬৩,০১২/- টাকা রেমিটেন্স প্রদান করা হয়। করোনাকালীন সময়ে আর,এস,এল খাতে ৫০৬ জন সদস্যক ২,৭৩,৭৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ১০০ টি পরিবারকে করোনাকালীন সময়ে ত্রাণ দেওয়া হয়। ঋণ গ্রাহকদের ছেলে/মেয়ে পরীক্ষায় জিপিএ-৩.৫ পেলে উপবৃত্তি প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র ছাত্রীদের কৃত্তি প্রদান করা হয়। কৃষি কার্যক্রমের আওতায় ৪০ জন সদস্যকে গাছের চারা বিতরণ করা হয়। কল্যাণ তহবিল কার্যক্রমের আওতায় সদস্য ও সদস্যে প্রধান উপার্জনকারী মৃত্যুবরণ করলে ৩০০০/- টাকা হতে ৫০০০/- টাকা অনুদান প্রদান করা হয় এবং ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ মওকুফ করা হয়। WSS খাতে স্যানেটেইজেশন ও নলকূপের জন্য ৪৮ জনকে ১৫,৩০,০০০/- টাকা ঋন প্রদান করা হয়। সভাপতি ধন্যবাদ জানিয়ে উপজেলা পর্যায়ে কাজ করার সময় উপজেরা নির্বাহী অফিসার ও এনজিও বিষয়ক সদস্যদের সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ করেন। | উপজেলা পর্যায়ে কাজ করার সময় উপজেলা নির্বাহী অফিসার ও এনজিও বিষয়ক সদস্যদের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | ব্রাঞ্চ ম্যানেজার পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, মুন্সীগঞ্জ |
| ১১. | পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (পি.এস.টি.সি) : ডিস্ট্রিক্ট টিম লিডার, পি.এস.টি.সি, মুন্সীগঞ্জ সভায় জানান, পিএসটিসি এর বাস্তবায়নাধীন এমআইএসএইচডি-নতুনদিন প্রকল্পটি জানুয়ারি ২০২২ মাসে (১৫-৪৯) বছর বয়সের ১২৬৯জন নারীদের অংশগ্রহণে ১১০টি দলীয় সভা করে। (০-৫) বছর বয়সের সন্তান লালন পালনকারীদের সাথে ৫০৯ জনের অংশগ্রহণে ১১০টি দলীয় সভা হয়। খানা পরিদর্শন ও এসএসসি এর স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিপণন হিসেবে ২১৫০টি খানা, গোল্ড স্টার মেম্বার ৭০জনের অংশগ্রহণে ৩ ব্যাচে ৩দিন সভা, ১১ জনের অংশগ্রহণে মাসিক কর্মী সভা ০১টি, ৩০ জন কিশোর ও ১৬০ জন কিশোরী নিয়ে ০৮টি সেশনে স্বাস্থ্য সভা, ০৬টি নব দম্পত্তিদের সাথে কাউন্সেলিং করা হয়। সভাপতি এনজিও বিষয়ক সকল সামাজিক কর্মকান্ডে মাঠ পর্যায়ে ও জেলা পর্যায়ে কর্মকর্তাদের সমন্বয় করার জন্য অনুরোধ জানান। | এনজিও বিষয়ক সকল সামাজিক কর্মকান্ডে মাঠ পর্যায়ে ও জেলা পর্যায়ে কর্মকর্তাদের সমন্বয় করতে হবে। | ডিস্ট্রিক্ট টিম লিডার, পি.এস.টি.সি, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১২. | আল ইহসান সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টারঃ প্রজেক্ট ডাইরেক্টর, আল ইহসান সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টার, মুন্সীগঞ্জ এর কার্যপত্র হতে জানা যায়, আল ইহসান সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টারের অধীনে ছাহেরা খাতুন এতিমখানা ও হাফিজিয়া মহিলা মাদ্রাসার ছাত্রী সংখ্যা ৩৮৩ জন এবং শিক্ষক সংখ্যা ২৭ জন ও অন্যান্য কর্মকর্তা কর্মচারী ১২ জন। জানুয়ারি ২০২২ মাসে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ২৪৪টি খাতা বিতরণ করা হয় এবং প্রথম থেকে দশদ শ্রেণী পর্যন্ত ছাত্রীদেরকে নগদ ২২,৯৫০/- বৃত্তি প্রদান করা হয়। সচেতনতামূলক কার্যক্রম হিসেবে মাস্ক, সাবান ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার এবং পরিস্কার পরিচ্ছন্ন থাকার জন্য ছাত্রী ও অভিভাবকগণকে পরামর্শ প্রদান করা হয়। এতিমখানার ছাত্রীদের চিকিৎসার জন্য ৬৯৮৫/- টাকা ব্যয় করা হয়। প্রাপ্ত বয়স্ক ছাত্রীদের মাঝে ৪০টি স্যানেটারী ন্যাপকিন বিতরণ করা হয়েছে। এতিমখানার আবাসিক ৫০ জন ছাত্রীকে ৩ বেলা খাবার ও সকাল-সন্ধ্যায় নাস্তা প্রদান করা হয়ছে। সভায় সংযুক্ত না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। নিয়মিত সভায় সংযুক্ত থাকার জন্য এনজিও প্রতিনিধিদের অনুরোধ জানান। | ১) শিক্ষা বিষয়ক সেবা প্রদানের ক্ষেত্রে উপজেলা শিক্ষা কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২) নিয়মিত সভায় সংযুক্ত থাকতে হবে। | প্রজেক্ট ডাইরেক্টর, আল ইহসান সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টার, মুন্সীগঞ্জ |
| ১৩. | অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (ওকাপ): মাঠ কর্মকর্তা, ওকাপ জানান, অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (ওকাপ) জানান, নিরাপদ অভিবাসন নিশ্চিত করা ও বাংলাদেশী অভিবাসী কর্মীদের অধিকার ত্বরান্বিত করতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। এ সংস্থাটি সরকারের উন্নয়ন সহযোগি হিসেবে কাজ করে থাকে। নিরাপদ অভিবাসন ও মানব পাচার প্রতিরোধ বিষয়ক তথ্য প্রদান, বিদেশ ফেরত অভিবাসী কর্মীগণকে একত্রিকরণ, করোনাকালীন সহাসারীর কারণে ক্ষতিগ্রস্থ বিদেশ ফেরত অভিবাসী কর্মীদের জন্য প্রশিক্ষণ ও প্রবাসী কল্যাণ ব্যাংক হতে ঋণ প্রাপ্তিতে সহায়তা, টেকসই উন্নয়নে ব্যবসায়িক পরিকল্পনা প্রনয়ণে সহযোগিতা, বিদেশ অবস্থারত অভিবাসী কর্মীদের সন্তানদের জন্য উপযুক্ত প্রশিক্ষণ কার্যক্রম, বিদেশে অবস্থানরত/বিদেশ ফেরত অভিবাসী কর্মীর পরিবারের সদস্যদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ গ্রহণে উদ্বুদ্ধ করাসহ ইত্যাদি সেবা প্রদান করছে। চলমান প্রকল্পের আওতায় জানুয়ারি ২০২২ মাসে অভিবাসী ফোরাম সদস্যদের নিয়ে ১০টি মাসিক মিটিং, দুইটি উঠান বৈঠক এবং বিদেশ ফেরত অসুস্থ ৮ জন নারী পুরুষ অভিবাসীকে চিকিৎসা করিয়ে সহায়তা করা হয়েছে। এছাড়াও অভিবাসী ও তাদের পরিবারের সদস্যদের তাদের প্রয়োজন অনুযায়ী ৫৯জনকে তথ্য সেবা দিয়ে সহযোগিতা করা হয়। সভাপতি এনজিও বিষয়ক সকল কাজকর্ম গ্রহণের বিষয়ে জেলা পর্যায়ে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সাথে সমন্বয় করে গ্রহণের জন্য অনুরোধ জানান। | এনজিও বিষয়ক সকল কাজকর্ম গ্রহণের বিষয়ে জেলা পর্যায়ে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সাথে সমন্বয় করে গ্রহণ করতে হবে। | মাঠ কর্মকর্তা<br>ওকাপ<br>মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১৪. | আমদা বাংলাদেশঃ প্রজেক্ট কো-অর্ডিনেটর, আমদা বাংলাদেশ, মুন্সীগঞ্জ সভায় জানান, এ সংস্থাটি গজারিয়া উপজেলায় বিভিন্ন শ্রেণী পেশার মানুষের চাহিদা বিবেচনা করে স্বাস্থ্যসেবা, শিক্ষা ও দরিদ্র বিমোচনের জন্য সহজশর্তে আর্থিক সেবা ও মাল্টিসেক্টরাল কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রামের মাধ্যমে কাজ করে আসছে। চলতি মাসে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ১০০ জন সদস্যকে ৫৯,২০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ১৫,১৫,৮৫,০৫৫/- টাকা সঞ্চয় আদায় করা হয়েছে এবং চাহিদা মোতাবেক ২০,২৫,৩২৮/- টাকা সঞ্চয় ফেরত দেওয়া হয়েছে। প্রাইমারি হেলথ কার্যক্রমের আওতায় স্বাস্থ্য সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ১০৯ জন, কমিউনিটিতে স্বাস্থ্য শিক্ষা অধিবেশনের সংখ্যা ১৮টি, বয়োসন্ধিকাল স্বাস্থ্য শিক্ষা অধিবেশনের সংখ্যা ৪টি। ভোকেশনাল ট্রেনিং সেন্টার কার্যক্রমের আওতায় দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে ৪ জনকে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হয়েছে ১০ জনকে। ডাউন সিনড্রোম বৈশিষ্ট্য সম্পন্ন শিশু ও ব্যক্তিদের শনাক্ত করণ করা হয়েছে ০২ জনকে, সচেতনতামূলক এডভোকেসী সভা করা হয়েছে ৫টি, কর্মসংস্থান বিষয়ক সভা হয়েছে ৩টি। আমদা কমিউনটি লার্ণিং সেন্টারের আওতায় সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক সভা হয়েছে ০৪টি, জেন্ডার সচেতনতা বৃদ্ধিমূলক সভা হয়েছে ০৬টি, সেমিনার/ সামাজিক অনুষ্ঠান হয়েছে ০১টি এবং মিটিং হয়েছে ০৩টি। সংশ্লিষ্ট উপজেলায় এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণের সময় করোনা ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্তের বিষয়ে সচেতনতামূলক পরামর্শ ও স্বাস্থ্যবার্তা প্রদান করার জন্য অনুরোধ জানান। | সংশ্লিষ্ট উপজেলায় এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণের সময় করোনা ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্তের বিষয়ে সচেতনতামূলক পরামর্শ ও স্বাস্থ্যবার্তা প্রদান করতে হবে। | প্রজেক্ট কো-অর্ডিনেটর, আমদা বাংলাদেশ, মুন্সীগঞ্জ |
| ১৫. | রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আরডিএফ): এরিয়া ম্যানেজার, আরডিএফ, মুন্সীগঞ্জ এর কাযপত্র হতে জানা যায়, সভায় জানান, রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আরডিএফ) সংস্থার জানুয়ারি ২০২২ মাসে ক্ষুদ্র ও উদ্যোক্তা উন্নয়ন ঋণ কার্যক্রমে মোট সদস্য সংখ্যা ৮৬২৭ জন। জানুয়ারি ২০২২ মাসে ঋণ আদায় করা হয় ২,০১,২৫,৩০৫/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ৪১,৭০,৪১৫/- টাকা, সঞ্চয় ফেরত দেয়া হয় ২৮,৬২,৩৯৮/- টাকা। মৃত্যুজনিত কারণে ০৪ জন সদস্যকে সর্বমোট ১,২২,২৩০/- টাকা ঋণ মওকুফ করা হয়। বর্তমানে মাঠে বিতরণকৃত ঋণ স্থিতি আছে ১৫,১৩,৯৬,০১৯/- টাকা এবং সদস্যদের সঞ্চয় স্থিতি আছে ৫,০০,৪৩,৮১৫/-টাকা। সভায় সংযুক্ত না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। নিয়মিত সভায় সংযুক্ত থাকাসহ উপজেলা পর্যায়ে কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করার জন্য অনুরোধ জানান। | ১) উপজেলা পর্যায়ে কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করতে হবে।<br><br>২) নিয়মিত সভায় সংযুক্ত থাকতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | সিমবায়োসিসঃ প্রজেক্ট ম্যানেজার, সিমবায়োসিস, মুন্সীগঞ্জ সভায় জানান, এ সংস্থার জানুয়ারি ২০২২ মাসে সঞ্চয় ১১,০০০/- টাকা এবং মোট মুলধন ২৮৯৬০০/- টাকা। ১৮টি সমিতির কার্যক্রম সঞ্চয় জমা ও হিসাব ব্যবস্থাপনা সভা হয়েছে ৫১ বার। সমিতিতে চলতি মাসে সঞ্চয় ৩১০২০/- টাকা এবং মোট মূলধন ১৮৮৩৫১৫/- টাকা। সরকারী এবং বেসরকারী সুবিধাগুলো প্রাপ্তির জন্য সচেতনতামূলক ক্লাশ ২টি, পিতামতা, অভিভাবক ও যুবকদের সাথে আলোচনা করে বাল্য-বিবাহ, যৌতুক, ড্রাগ, আসক্তি, নারি উত্যক্তকরণ বিষয়ে ৬টি সচেতনতা ক্লাশ করা হয়েছে। শিশু অধিকার, শিশু নিরাপত্তা, শিশু সুরক্ষা, শিশু স্বাস্থ্য বিষয়ে সচেতনতামূলক ক্লাশ ৬টি হয়েছে। সমিতির সদস্যদেরকে পুষ্টি, মৌলিক পয়ঃব্যবস্থা বিষয়ে চর্চা ও সচেতনতা ক্লাশ ২টি। করোনা প্রতিরোধ ও টিকাদান বিষয়ে সচেতনতা ক্লাশ ২টি। ৭২ জন (০-৫ বছর পর্যন্ত) বাচ্চা ওজন করা। ৫ জন সদস্যকে ১সেট কের মোট ৫ সেট ল্যাট্রিন বিতরণ করা। ১টি নলকূপের গোড়া পাকা করা। ১টি মোবাইল ক্যাম্পের মাধ্যমে ১৩ জন রোগীর প্রাথমিক চক্ষু চিকিৎসা সেবা প্রদান এবং ৩৫ জন প্রাইমারী। সভাপতি ধন্যবাদ জানিয়ে উপজেলা পর্যায়ে সকল কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে সম্পৃক্ত করার জন্য অনুরোধ করেন। | এনজিও বিষয়ক সকল কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে সম্পৃক্ত করতে হবে। | প্রজেক্ট ম্যানেজার, সিমবায়োসিস, মুন্সীগঞ্জ |
| ১৭. | শাপলা সমাজ উন্নয়ন সংস্থাঃএরিয়া ম্যানেজার, শাপলা সমাজ উন্নয়ন সংস্থা, মুন্সীগঞ্জ সভায় জানান, শাপলা সমাজ উন্নয়ন সংস্থার জানুয়ারি ২০২২ মাসের কার্যক্রম হিসেবে ড্রেস মেকিং ও টেইলরিং করা হয়েছে ২৫ জনকে। ১০০ জনকে নিয়ে করোনা বিষয়ক সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়। ৭৫ জন যুব সমাজ নিয়ে সচেতনতামূলক মিটিং করা হয়। ৬০ জনকে নিয়ে শীত মৌসুমে নবজাতক ও মাতৃস্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক বৈঠক করা হয়। সভাপতি এনজিও বিষয়ক কার্যক্রমে যুব উন্নয়ন অধিদপ্তর ও মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে সমন্বয় করে গ্রহণের জন্য অনুরোধ জানান। | এনজিও বিষয়ক কার্যক্রমে যুব উন্নয়ন অধিদপ্তর ও মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে সমন্বয় করতে হবে। | এরিয়া ম্যানেজার, শাপলা সমাজ উন্নয়ন সংস্থা, মুন্সীগঞ্জ |
| ১৮. | পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন পপিঃ এপিএম পপি, সিরাজদিখান জোন, মুন্সীগঞ্জ সভায় জানান, পপি মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান জোনের আওতায় মুন্সীগঞ্জ, সিরাজদিখান, টংগীবাড়ী, শ্রীনগর, আলদীবাজার মোট ০৫টি শাখার মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। তার সংস্থা জানুয়ারি ২০২২ মাসে মোট ২৭৩৮ সদস্যের নিকট থেকে ৬২,৮৬,৬০২/- টাকা সঞ্চয় আদায় এবং ৩৮,৬৪,৮৮১/- টাকা সঞ্চয় ফেরত প্রদান করা হয়। এছাড়া ১৯৩ জন সদস্যকে ৪,৩৯,৮৪,০০০/- টাকা ঋণ প্রদান করেন। উক্ত জোনের সদস্য সংখ্যা ২৭৩৮ জন, ঋণী সদস্য ২৪০২ জন, সঞ্চয় স্থিতি ৫,০৩,১৩,৪০৭/- টাকা এবং ঋণস্থিতি ২৫,৩১,৯০,৩১২/- টাকা। এছাড়া চলতি মাসে ০৬ জন সদস্যকে সদস্য কল্যাণ তহবিল হতে ৫,৬০,৪১৯/- ঋণ স্থিতি মওকুফ করা হয়েছে। ঋণ কার্যক্রমের পাশাপাশি গ্রাম পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে গর্ভবতী মা, শিশু স্বাস্থ্য ও সন্তান প্রসব পরবর্তী সময়ে করণীয় বিষয় প্রাথমিক স্বাস্থ্য সেবা, উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিক নির্নয়সহ জরুরী ঔষধ বিনামূল্যে প্রদান করা হয়। ৩২ জন দুঃস্থ্য শিশুদের এককালীন জামাকাপড় ও বইখাতা কেনা বাবদ ৮০০/-টাকা এবং খাতা কলম কেনা বাবদ ৪০০/-বৃত্তি প্রদান করে থাকে। এছাড়াও মাস্ক ও স্যানিটেশন উপকরণ বিতরণ করা হয়। সভাপতি এ ধরনের সামাজিক কর্মকান্ডকে ধন্যবাদ জানান। এ সকল কাজের পাশাপাশি আর্সেনিক পরীক্ষাকরণ প্রক্রিয়া গ্রহণের জন্য অনুরোধ জানান। | সামাজিক কর্মকান্ডের পাশাপাশি আর্সেনিক পরীক্ষাকরণ প্রক্রিয়া গ্রহণ করতে হবে। | এপিএম পপি, সিরাজদিখান জোন, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১৯. | শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি এসডিএসঃ এলাকা ব্যবস্থাপক, শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি এসডিএস, মুন্সীগঞ্জ এর কার্যপত্র হতে জানা যায়, শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি এসডিএস এর জানুয়ারি ২০২২ মাসে মাইক্রোফাইন্যান্স সেক্টর কর্মসূচীর আওতায় সদস্য সংখ্যা ৮২৯৫ জন এবং ঋণী সদস্য সংখ্যা ৬৮৯০ জন। ঋণ বিতরণ করা হয়েছে ৪৭,৭৩,৫০০০/- টাকা। ঋণ আদায় হয়েছে ৩,৭১,৪৯,৪১৮/- টাকা। **সঞ্চয় ফেরত প্রদান করা হয়েছে** ৫০,৮৩,৫৫২/-টাকা, সঞ্চয় আদায় হয়েছে ৭১,২৮,০১৭/-টাকা। চলতি মাসে ঋণস্থিতি ৩১,৬৬,২৬,৭৮৮/- টাকা এবং সঞ্চয় স্থিতি ৭,৬০,৯৯,৩১৬/-টাকা। বাস্তবায়িত প্রকল্প কর্মসূচীর মধ্যে ১) খেলাধুলা দলের ওরিয়েন্টেশন সভা করা হয়েছে-০২টি ২) পেয়ার গ্রুপ ফরমেশন ০৩টি সম্পন্ন করা হয়েছে ৩) খেলাধুলার দল গঠন করা হয়েছে-০২টি ৪) জীবন দক্ষতা প্রশিক্ষণ করা হয়েছে-০৪টি ৫) জেন্ডার ইন স্পোর্টস প্রশিক্ষণ করা হয়েছে-০৪টি। সভাপতি কার্যপত্র দাখিলসহ সভায় নিয়মিত সংযুক্ত থাকার জন্য অনুরোধ জানান। এনজিও বিষয়ক সকল কার্যক্রম গ্রহণের পূর্বে মাঠ পর্যায়ে সরকারের সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। | ১) ঋণ বিতরণের পাশাপাশি উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২) সভায় নিয়মিত সংযুক্ত থাকতে হবে। | এলাকা ব্যবস্থাপক, শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি এসডিএস, মুন্সীগঞ্জ |
| ২০. | রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক): সহকারী এরিয়া ম্যানেজার, রিক, মুন্সীগঞ্জ এর কার্যপত্র হতে জানা যায়, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) পিকেএসএফ ও ব্যাংক এর অর্থায়নে এ জেলায় ঋণ কার্যক্রম গ্রহণ করে থাকেন। জানুয়ারি ২০২২ মাসে তার সংস্থার সদস্য সংখ্যা-৬৬৯১ জন, ঋণীর সংখ্যা- ৪৮৮৪ জন, সঞ্চয়স্থিতি- ৭,৩০,৩৯,০৮৩/- টাকা, ঋণস্থিতি ২৪,৭৭,৩৯,৩৫৪/- টাকা এবং আদায়ের হার ৯৫%। উপকারভোগীদের মাঝে সহজশর্তে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উপকারভোগীদের মাঝে সহজশর্তে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী এরিয়া ম্যানেজার, রিক, মুন্সীগঞ্জ |
| ২১. | ভ্রমনগাঁও দুঃস্থ মহিলা কল্যাণ সমিতিঃ সভানেত্রী, ভ্রমনগাঁও দুঃস্থ মহিলা কল্যাণ সমিতি, মুন্সীগঞ্জ এর কার্যপত্র হতে জানা যায়, ভ্রমনগাঁও দুঃস্থ মহিলা কল্যাণ সমিতি এ জেলায় প্রতি ০৩(তিন) মাস অন্তর অন্তর ৩০/৫০ জন মহিলাকে সেলাই, ব্লক-বাটিক ও হস্তশিল্পের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে আউট অব চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম স্কুল নামে একটি প্রজেক্ট চলমান রয়েছে। উক্ত প্রজেক্টে প্রায় ৮০টি স্কুল এবং ০৮ থেকে ১৪ বছর বয়সী ২৪০০ বাচ্চাদের পড়ালেখা এবং কারিগরি শিক্ষা দেয়া হচ্ছে। বাচ্চাদের প্রয়োজনীয় খাতা কলম, বই, স্কুল ড্রেস, ব্যাগ ইত্যাদি প্রদানসহ প্রতি মাসে উপবৃত্তি হসেবে প্রত্যেক বাচ্চাকে ৩০০/- টাকা করে দিয়ে থাকেন। সভাপতি এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণের বিষয়ে সমাজসেবা ও মহিলা বিষয়ক কর্মকর্তাকে সম্পৃক্ত করা এবং নিয়মিত সভায় সংযুক্ত থাকার জন্য অনুরোধ জানান। | এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণের বিষয়ে সমাজসেবা ও মহিলা বিষয়ক কর্মকর্তাকে সম্পৃক্ত করা এবং নিয়মিত সভায় সংযুক্ত থাকতে হবে। | সভানেত্রী, ভ্রমনগাঁও দুঃস্থ মহিলা কল্যাণ সমিতি, সিরাজদিখান, মুন্সীগঞ্জ |
| ২২. | সোসাইটি ফর সোস্যাল সার্ভিস (এস এস এস): এরিয়া ম্যানেজার, এস.এস.এস, মুন্সীগঞ্জ এর নিকট হতে কাযপত্র পাওয়া যায়নি। তার সংস্থার এনজিও বিষয়ক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সম্বলিত কার্যপত্র নিয়মিত দাখিলসহ সভায় সংযুক্ত থাকার জন্য সভাপতি অনুরোধ জানান। | ১) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২) নিয়মিত সভায় সংযুক্ত থাকতে হবে। | আঞ্চলিক ব্যবস্থাপক, এস.এস.এস, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ২৩. | <u>অন্বেষণ মুন্সীগঞ্জ</u>ঃপ্রোগ্রাম ম্যানেজার, অন্বেষণ, মুন্সীগঞ্জ এর নিকট হতে কার্যপত্র পাওয়া যায়নি। সভাপতি জানান, এনজিও বিষয়ক সকল কার্যক্রম গ্রহণের পূর্বে মাঠ পর্যায়ে সরকারের সাথে সমন্বয় করাসহ নিয়মিত সভায় সংযুক্ত থাকার জন্য অনুরোধ জানান। | ১) এনজিও বিষয়ক সকল কার্যক্রম গ্রহণের পূর্বে মাঠ পর্যায়ে সরকারের সাথে সমন্বয় করতে হবে।<br>২) নিয়মিত সভায় সংযুক্ত থাকতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার অন্বেষণ, মুন্সীগঞ্জ |

২। **বিবিধ আলোচনাঃ** সদস্য সচিব সকলের অবগতির জন্য জানান, গত মাসে কার্যবিবরণীর সাথে সংযুক্ত ছক মোতাবেক তথ্যসহ মাসিক কার্যপত্র প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় আবশ্যিকভাবে দাখিল এবং gsdcmunshi@gmail.com ই-মেইলে সফট কপি প্রেরণ করার নির্দেশনা থাকলেও অনেক এনজিও সংস্থা সংযুক্ত ছক মোতাবেক তথ্য দাখিল করেননি। এমনকি কার্যপত্র নির্ধারিত তারিখের মধ্যে পাওয়া যাচ্ছে না। সভাচলাকালীন সময়ে দেখা যাচ্ছে কার্যপত্র দাখিল করা হলেও অনেকে সভায় সংযুক্ত থাকছেন না। যা কোন ভাবেই কাম্য নয়।

পুলিশ সুপারের প্রতিনিধি বলেন, এ জেলায় এনজিওগুলো খুব ভাল কাজ করছে। আশা করি ভবিষ্যতেও তারা এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখবে।

সভাপতি জানান, কার্যবিবরণীর সাথে সংযুক্ত ছক মোতাবেক তথ্যসহ মাসিক কার্যপত্র পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় আবশ্যিকভাবে দাখিল করতে এবং gsdcmunshi@gmail.com ই-মেইলে সফট কপি প্রেরণ করতে হবে। যে সকল এনজিও প্রতিনিধি সভায় অনুপস্থিত রয়েছেন তাদেরকে কারণ ব্যাখ্যা করতে হবে। তিনি জানান, এনজিও হচ্ছে সরকারের একটি উন্নয়মূলক সংস্থা। প্রান্তিক পর্যায়ে জনগণের জীবনমান উন্নয়নে এনজিও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দাপ্তরিক কাজকর্ম ও রুটিন মাফিক কাজের পাশাপাশি সরকারের অন্যান্য সন্ত্রাস, নাশকতাবাদ নিয়ে কাজকর্ম করতে হবে। কাজকর্ম পরিচালনা করার সময় যেন প্রান্তিক ও তৃণমূল পর্যায়ে জনগণের কোন সমস্যা না থাকে। কোন সমস্যা থাকতে তা সমাধানের চেষ্টা করতে হবে। সারা বিশ্বে **করোনা ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্টে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি** পাওয়ায় স্বাস্থ্যবিধি মাথায় রেখে সরকারী নীতিমালা অনুযায়ী স্ব স্ব পদে থেকে স্থানীয় প্রতিনিধির সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.২০৪.৩৫.০০১.২১.১০৫

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা

৩) পুলিশ সুপার, মুন্সীগঞ্জ

৪) সিভিল সার্জন (চলতি দায়িত্ব), সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, মুন্সিগঞ্জ


৫) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সিগঞ্জ

৬) জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, মুন্সীগঞ্জ

৭) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), মুন্সীগঞ্জ

৮) উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর/টংগীবাড়ী/সিরাজদিখান/শ্রীনগর/লৌহজং/গজারিয়া, মুন্সীগঞ্জ।

৯) ..........................................., এনিজও বিষয়ক প্রতিনিধি (সংশ্লিষ্ট সকল), মুন্সীগঞ্জ



কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক